ফাগুনের পূর্ণিমা   এল কার লিপি হাতে ।
বাণী তার বুঝি না রে,   ভরে মন বেদনাতে ॥
    উদয়শৈলমূলে   জীবনের কোন্ কূলে
    এই বাণী জেগেছিল   কবে কোন্ মধুরাতে ॥
মাধবীর মঞ্জরী   মনে আনে বারে বারে
বরণের মালা গাঁথা   স্মরণের পরপারে ।
    সমীরণে কোন্ মায়া   ফিরিছে স্বপনকায়া,
    বেণুবনে কাঁপে ছায়া   অলখ-চরণ-পাতে ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Raag: Khambaj

Visit www.geetabitan.com for notation and other detail